

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
স্থানীয় সরকার শাখা
www.jhenaidah.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৪.৪৪০০.০০৭.০২.০০৬.২৩- ৯৫৬

তারিখ: ২৭ কার্তিক ১৪৩০
১২ নভেম্বর ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখা, ঢাকার গত ১৮-১০-২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০১.২১.৮৪ নং স্মারক এবং ০৬-১১-২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪. ০০১.১৭ (অংশ-৩)-৯০০ নং স্মারকের ছাড়পত্র মোতাবেক ঝিনাইদহ জেলাধীন ইউনিয়ন পরিষদসমূহে 'হিসাব সহকারি-কাম-কম্পিউটার অপারেটর' এর ২ টি শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগ ও প্যানেল সংরক্ষণের লক্ষ্যে কেবলমাত্র ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১	হিসাব সহকারি-কাম-কম্পিউটার অপারেটর	বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) [বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়]	০২ (দুই) টি	ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অনূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০(বিশ) শব্দ এবং ইংরেজি ২০(বিশ) শব্দ।

শর্তাবলী :

১.	আবেদনকারীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২.	আবেদনকারীকে নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত আবেদন করতে হবে। স্বহস্তে লিখিত আবেদনপত্র ব্যতীত গ্রহণযোগ্য হবে না।
৩.	সরকার কর্তৃক চাকুরির নির্ধারিত আবেদন ফরম জেলা প্রশাসক, ঝিনাইদহকে সমোদন করে আগামী ০৫-১২-২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালে জেলা প্রশাসক, ঝিনাইদহ এর কার্যালয়ে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য নয়। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহের স্থানীয় সরকার শাখা হতে অথবা www.jhenaidah.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।
৪.	নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।
৫.	বিবাহিত নারী প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
৬.	প্রার্থীর বয়সসীমা ০৫-১২-২০২৩ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান বা প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। তবে মুক্তিযোদ্ধা নাতি/নাতনির ক্ষেত্রে বয়স ৩০ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
৭.	আবেদন পত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে- ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি (৫×৫ সে.মি.) রঙিন ছবি আবেদনপত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে। সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে। খ) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র। গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত ফটোকপি সহ কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্রের সত্যায়িত ফটোকপি। ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা চারিত্রিক সনদপত্র। ঙ) সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধা সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধার কোটায় আবেদিত চাকুরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ, মুক্তিযোদ্ধা সনদ, মুক্তিবার্তা, গেজেট, মন্ত্রণালয়ের সনদ, মুক্তিযোদ্ধার নাতি/নাতনির ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের বিষয়ে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।
৮.	আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংক এর যে কোন শাখা হতে জেলা প্রশাসক, ঝিনাইদহ এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) জমা দিতে হবে।
৯.	চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
১০.	যোগাযোগের সুবিধার্থে আবেদনের সঙ্গে ১০/- (দশ) টাকার ডাকটিকিট যুক্ত নিজ ঠিকানা সম্বলিত (যে ঠিকানায় ইন্টারডিউ কার্ড পেতে চান) কমপক্ষে ১০'-৪.৫' সাইজের খাম সংযুক্ত করতে হবে।
১১.	বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
১২.	সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/মুদ্র নু-গোষ্ঠী প্রার্থীদের জন্য কোটা সংরক্ষণ সকল বিধি বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।
১৩.	কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৪.	লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সনদপত্র এর প্রমাণরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।